

**ক্লাব পরিচালন নির্দেশিকা**  
**ঢাকা রেসিডেন্সিয়াল মডেল**  
**কলেজ**



১. ক্লাবের নাম : রেমিয়েন্স ডিবেটিং  
সোসাইটি (আর.ডি.এস)

২. ক্লাবের ইতিহাস : রেমিয়েন্স ডিবেটিং  
সোসাইটির জন্ম ২০০৮ সালের ১০ জুলাই।  
এটি প্রতিষ্ঠিত হয় প্রভাতি শাখার  
এস,এস,সি ২০০৮ ব্যাচের ছাত্রদের হাতে।  
জন্মের পর থেকে আজকে আমাদের উন্নতির  
পেছনে রয়েছে আমাদের চেষ্টি, সাধনা এবং বিতর্ককে ভালবাসা। ধীরে ধীরে বিতর্ক  
অজ্ঞানে আমাদের অবস্থান আমরা শক্তিশালী করে তুলেছি, তুলে ধরতে পেরেছি  
নিজেদের স্বকীয়তা। আমাদের এই পথচলায় আপনাদের স্বাগতম।

৩. ক্লাবের উদ্দেশ্য : যুক্তিনির্ভর সমাজ গঠন

৪. ক্লাবের লক্ষ্যসমূহ : ছাত্রদের যোগাযোগ করার ক্ষমতার উন্নয়ন, নেতৃত্ব দানের গুণ  
বিকাশ, পরমতসহিষ্ণুতা বৃদ্ধি, যুক্তিযুক্ত সমালোচনা করা ও গ্রহণ করায় উৎসাহী করা  
ইত্যাদি।

৫. ক্লাবের সাংগঠনিক কাঠামো :

- সাংগঠনিক কাঠামো : মডারেটর হিসাবে দায়িত্ব প্রাপ্ত শিক্ষক এবং ছাত্রদের নিয়ে  
গঠিত কার্যনির্বাহী প্যানেলের সমন্বয়ে গঠিত হয় সাংগঠনিক কাঠামো।  
কার্যনির্বাহী পরিষদ এর মোট সদস্য সংখ্যা ১৩ জন। কলেজ এর বিতর্ক দল  
নির্ধারণ করে কার্যনির্বাহী পরিষদ।

- বিভিন্ন পদে নিয়োগ প্রক্রিয়া : মডারেটর এবং কার্যনির্বাহী পরিষদের সদস্যদের আলোচনা এবং ছাত্রদের ইন্টারভিউ নেওয়ার মাধ্যমে বিভিন্ন পদে নিয়োগ করা হয়ে থাকে।
- ক্লাব মডারেটর নিয়োগ : কলেজ কর্তৃপক্ষের সহায়তা ক্রমে শিক্ষক দের মধ্যে থেকে ক্লাব মডারেটর নির্ধারিত হন।

#### ৬. ক্লাবের কর্মকাণ্ড সমূহ :

- বিতর্ক সম্পর্কিত সেশন আয়োজন
- অনুশীলন বিতর্ক আয়োজন
- নতুন বিতর্কিক অনুসন্ধান
- স্কুল ও কলেজ টিম নির্ধারণ
- জাতীয় পর্যায়ের বিতর্ক প্রতিযোগিতা আয়োজন
- অন্তঃ কলেজ বিতর্ক প্রতিযোগিতা আয়োজন

#### ৭. ক্লাবের কর্মসূচি

- পাক্ষিক : প্রতি সপ্তাহে একটি অনুশীলন বিতর্ক আয়োজন
- মাসিক : প্রতি মাসে অন্তত দুটি বিতর্ক সংক্রান্ত বিষয়বস্তুর সেশন
- ষান্মাসিক : একটি ইন্ট্রা ডিবেট টুর্নামেন্ট আয়োজন করা
- বাৎসরিক : একটি জাতীয় ডিবেট টুর্নামেন্ট আয়োজন করা

#### ৮. জাতীয় বা আন্তর্জাতিক অনুষ্ঠান করার ক্ষেত্রে চেক লিস্ট :

- তারিখ নির্ধারণঃ কলেজ কর্তৃপক্ষ এবং মডারেটর স্যার ও কার্যনির্বাহী পরিষদ এর সদস্য রা একাডেমিক ক্যালেন্ডার দেখে তারিখ নির্ধারণ করবেন।
- প্রধান অতিথি নির্ধারণ ও তার কাছ থেকে তারিখ ও সময় চূড়ান্তকরণঃ কার্যনির্বাহী পরিষদ ও মডারেটর স্যার আলোচনা করে প্রধান অতিথি নির্ধারণ করেন এবং তারিখ ও সময় চূড়ান্ত করেন।

- অনুষ্ঠানসূচি নির্ধারণঃ কার্যনির্বাহী পরিষদ মডারেটর স্যার এর পরামর্শ অনুযায়ী অনুষ্ঠান সূচি নির্ধারণ করা হবে
- দাওয়াত পত্র প্রেরণঃ বিভিন্ন বিতর্ক ক্লাব এর সদস্য এবং ক্লাব Alumni দেব ও ফেস্ট এর স্পেশন গেস্ট দেব দাওয়াতপত্র প্রেরণ।
- স্পনসর নির্ধারণঃ কার্যনির্বাহী পরিষদ ও মডারেটরস্যার বিভিন্ন ইচ্ছুক প্রতিষ্ঠান এর সাথে মিটিং ও আলোচনা করে স্পনসর নির্ধারণ করবেন।

Tanvir (TA)  
৩/৪/২০২২

